



UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Programme 3rd Semester Examination, 2023

LCCI-P2-BENGALI

NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) বিভক্তি কাকে বলে? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।
(খ) উপসর্গ কাকে বলে? উদাহরণ দাও।
(গ) ক্রিয়ার কাল নির্ণয় করো:
(অ) আমি তখন কাশ্মীরে থাকি।
(আ) সেই সুর কর্ণে মোর আমরণ ধ্বনিতে থাকিবে।
(ই) বিজয়রথের চাকা উড়ায়েছে ধূলিজাল।
(ঘ) ধ্বনি কাকে বলে? ধ্বনি কয় প্রকার ও কী কী?
(ঙ) নিম্নলিখিত শব্দগুলির ধ্বনি পরিবর্তনের কারণ লেখো:
(অ) রত্ন > রতন (আ) রিস্তা > রিস্কা (ই) রাইত > রাত
(চ) সমোচ্চারিত ভিন্নার্থক শব্দের অর্থ লেখো:
(অ) আপন - আপণ (আ) অন্ন - অন্য (ই) শয্যা - সজ্জা
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) ক্রিয়ার কাল বলতে কী বোঝো? বাংলায় ক্রিয়ার কাল কয়টি? যে-কোনো একটি কালের পরিচয় দাও।
(খ) উচ্চারণস্থান অনুযায়ী স্বরধ্বনির শ্রেণিবিভাজন করো।
(গ) কারকের সংজ্ঞা লেখো। উদাহরণসহ কারকের শ্রেণিবিভাগ করো।
(ঘ) উপসর্গ ও অনুসর্গের পার্থক্যগুলি সূত্রাকারে লেখো।
(ঙ) উদাহরণসহ সংজ্ঞা লেখো: (যে-কোনো দু'টি)
স্বরভক্তি, সমীভবন, সংকর শব্দ।
(চ) নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো:
(অ) জননী ও জন্মভূমিকে সবাই ভালোবাসে। (নস্তুর্থক বাক্যে পরিবর্তন করো)
(আ) আধমরাদের যা মেয়ে তুই বাঁচা। (যৌগিক বাক্যে পরিবর্তন করো)
(ই) অন্যায়কে প্রশ্রয় দেবেন না। (প্রথবোধক বাক্যে পরিবর্তন করো)
(ঈ) ধর্মজ্ঞ ব্যক্তি সত্যাসত্যের যথার্থ নির্ণয় করতে পারেন। (জটিল বাক্যে পরিবর্তন করো)
(উ) ছাত্ররা ছাড়া আর এমন কেউ নেই, যারা এই নীরস কাজে হস্তক্ষেপ করতে পারে। (সরল বাক্যে পরিবর্তন করো)
(ঊ) প্রতিভা কি শিক্ষা নিরপেক্ষ? (নির্দেশাত্মক বাক্যে পরিবর্তন করো)
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১২×২ = ২৪
- (ক) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি আলোচনা করো।
(খ) বাচ্য কাকে বলে? বাচ্য কয় প্রকার? প্রতিটি বিভাগের সংজ্ঞাসহ উদাহরণ দাও।
(গ) উচ্চারণস্থান অনুযায়ী ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ করো।
(ঘ) উদাহরণসহ সংজ্ঞা লেখো:
লোকনিরুক্তি, জোড়কলম, বর্ণবিপর্যয়, স্বরসজ্জতি।